

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৩১০৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ খাবার বাসনের এক ধার থেকে খাওয়ার নির্দেশ এবং তার মাঝখান থেকে খাওয়া নিষেধ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ قَالَ : كَانَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَصْنَعَةٌ يُقَالُ لَهَا : الْغَرَاءُ يَحْمِلُهَا أَرْبَعَةُ رِجَالٍ ; فَلَمَّا أَضْحَوْا وَسَجَدُوا الضُّحَى أُتِيَ بِتِلْكَ الْقَصْنَعَةِ ; يَعْنِي وَقَدْ ثُرِدَ فِيهَا فَالْتَّقَوْا عَلَيْهَا فَلَمَّا كَثُرُوا جَثَّا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَعْرَابِيٌّ : مَا هَذِهِ الْجِلْسَةُ ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ جَعَلَنِي عَبْدًا كَرِيمًا وَلَمْ يَجْعَلْنِي جَبَارًا عَنِيدًا ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كُلُّوا مِنْ حَوَالِيْهَا وَدَعُوا ذِرْوَتَهَا يُبَارِكْ فِيهَا رَوَاهُ أَبُو دَاوُدْ بِإِسْنَادٍ جَيْدٍ

বাংলা

(৩১০৬) আব্দুল্লাহ ইবনে বুসর (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি পাত্র ছিল যাকে 'গারা' বলা হত, সেটাকে চারজন মানুষ ধরে তুলতো। একদা চাশতের সময়ে যখন চাশতের নামায পড়ার পর ত্রি (বিশাল) পাত্রটি আনা হল—অর্থাৎ, তাতে 'সারীদ' (মাংস ও খণ্ড খণ্ড রুটি সংমিশ্রণে প্রস্তুত সুস্বাদু খাদ্য) রাখার পর, তখন লোকেরা তাতে জমায়েত হল। লোকের পরিমাণ যখন বেশি হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটুর ভরে বসে পড়লেন। (এরূপ দেখে) জনেক বেদুঈন বলল, 'এ কেমন বসা?' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, নিশ্চিতরূপে আল্লাহ আমাকে ভদ্র (বিনয়ী) বান্দা করেছেন এবং উদ্ধৃত ও হঠকারী করেননি। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা পাত্রের এক ধার থেকে খেতে থাক। আর ওর শীর্ষভাগ ছেড়ে দাও, ওখানে বরকত অবতীর্ণ হবে।

### ফুটনোট

(আবৃ দাউদ ৩৭৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু বুসর (রাঃ)

৫ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66854>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন